গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়
ভেড়ামারা, কুষ্টিয়া
eo.bheramara.kushtia.gov.bd

"নোটিশ"

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের জারিকৃত বদলি সংক্রান্ত প্রজ্ঞাপন নং ৩৮.০০.০০০০.০০০.০০৮.০৪.০০০১.১৭-৩৫০ তারিখ ২১ জুন ২০২৬ খ্রি.-এর আলোকে উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত সহকারী শিক্ষকদের বদলির আবেদন গ্রহণ করা হবে।
এমতাবস্থায়, বদলিহতে আগ্রহী সহকারী শিক্ষিকগণকে নিম্নোক্ত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে নির্ধারিত আবেদনপত্রে আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো-

১। চাকুরির মেয়াদ ন্যূনতম ০২ (দুই) বছর পূর্ণ না হলে কোন সহকারী শিক্ষক বদলিযোগ্য বিবেচিত হবেনা।
২। পূর্ববর্তী বদলির পর ০৩ (তিন) বছর পূর্ণ না হলে পুনরায় বদলির জন্য আবেদন করা যাবে না।
৩। সংশ্লিষ্ট বিদ্যালয়ে শূন্য পদ থাকা সাপেক্ষে বদলির আবেদন বিবেচনা করা হবে।
৪। যে সকল বিদ্যালয়ে ০৫ (পাঁচ) জন বা তার কম সংখ্যক শিক্ষক কর্মরত আছেন অথবা শিক্ষক-শিক্ষার্থী অনুপাত ১:৪০ এর বেশি রয়েছে, সেসব বিদ্যালয় হতে বদলি করা যাবে না।
৫। একই বিদ্যালয়ে একাধিক শিক্ষক আবেদন করলে জ্যেষ্ঠতার ভিত্তিতে অগ্রাধিকার নির্ধারণ করা হবে।
৬। প্রতিস্থাপন সাপেক্ষে কোন শিক্ষক বদলীর আদেশপ্রাপ্ত হয়ে থাকলে তিনি নুতন আবেদন করতে পারবেন না।
৭। আবেদন পত্রের সকল তথ্য যথাযথভাবে পূরণ করে প্রধান শিক্ষক ও উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসারের সুপারিশসহ আবেদন দাখিল করতে হবে।
৮। **আবেদনপত্র আগামী ৩০/০৯/২০২৬ খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকার মধ্যে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে ০২ প্রস্থ জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।**

বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

(তপন কুমার দেবনাথ) ২৯/০৯/২৬
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ও
সদস্য –সচিব
প্রাথমিক শিক্ষক বদলির আবেদন যাচাই-বাছাই ও নিষ্পত্তিকরণ বিষয়ক উপজেলা কমিটি
ভেড়ামারা, কুষ্টিয়া

স্মারক নং: উপ্রাশিঅ/ভেড়ামারা/কুষ্টিয়া/২০২৬/ ৫৬৭/২(৬০)

তারিখ: ২৯/০৯/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে
১. উপজেলা নির্বাহী অফিসার, ভেড়ামারা, কুষ্টিয়া
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুষ্টিয়া
৩. অফিস কপি